

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা কার্যালয়, খুলনা  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
ই-মেইল : khulna@dnc.gov.bd

স্মারক নং- ৫৮.০২.০০০০.১৭৭.০০.০৯২.০৮- ৭২০

তারিখ : ০৯/০৯/২০২৫


**বিষয়: সমন্বয় সভা**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা এর সেপ্টেম্বর, ২০২৫ মাসের সমন্বয় সভা ১০.০৯.২০২৫ তারিখ ১০:৩০ মিনিট উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা এর আওতাধীন ০২ (দুই) টি সার্কেল ও ০১ (এক) টি পণ্যাগারে কর্মরত সকল স্টাফদের প্রয়োজনীয় তথ্যাদিসহ উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্য সূচি :**

- ১) আগস্ট, ২০২৫ মাসের অভিযান ও দায়েরকৃত মাদক মামলা
- ২) মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদকরণ এবং মাদক ব্যবসায়ীর তালিকা পূর্বের এবং বর্তমানের সকল তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ সংক্রান্ত
- ৩) মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম
- ৪) মাদকাসক্তদের চিকিৎসা সংক্রান্ত কার্যক্রম
- ৫) বিচারাধীন পেন্ডিং মামলার তথ্য হালনাগাদকরণ
- ৬) বিবিধ আলোচনা

প্রসিকিউটর/পরিদর্শক/হিসাবরক্ষক/উপপরিদর্শক/  
সহকারী উপপরিদর্শক/অফিস সহকারী/সিপাই/  
ওয়্যারলেস অপারেটর/অফিস সহায়ক  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
জেলা কার্যালয়, খুলনা

  
০৯/০৯/২০২৫  
(মোঃ মিজানুর রহমান)  
উপপরিচালক

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, খুলনা
- ২। অফিস কপি